# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫০৫

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩১. পাত্রে মাছি পড়লে

بَاب يَقَعُ الذُّبَابُ فِي الْإِنَاءِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ، عَنْ عُتْبَةَ بْنِ مُسْلِمٍ، عَنْ عُبَيْدِ بْنِ حُنَيْنٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِذَا وَقَعَ الذُّبَابُ فِي شَرَابِكُمْ فَلْيَغْمِسْهُ فِيهِ ثُمَّ لْيَطْرَحْهُ فَإِنَّ فِي أَحَدِ جَنَاحَيْهِ دَاءً وَفِي الآخَرِ شِفَاءً " .

বাংলা

২/৩৫০৫। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমাদের পানীয়তে মাছি পড়লে সেটাকে তাতে ডুবিয়ে দাও, অতঃপর সেটিকে তুলে ফেলে দাও। কেননা তার একটি ডানায় রোগ এবং অন্যটিতে আরোগ্য রয়েছে।

## English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:
“If a fly falls into your drink, dip it into it then throw it away, for on one of its wings is a disease and on the other is a cure.”

ফুটনোট

সহীহুল বুখারী ৩৩২০, ৫৭৮২, আবূ দাউদ ৩৮৪৪, আহমাদ ৭১০১, ৭৩১২, ৭৫১৮, ৮২৮০, ৮৪৪৩, ৮৮০৩, ৮৯১৮, ৯৪২৮, দারেমী ২০৩৮, ইরওয়া ১৭৫, সহীহাহ ৩৮। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসলিম বিন খালিদ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন অসুবিধা নেই। আবু জা'ফার আল-উকায়লী, আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯২৫, ২৭/৫০৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44469

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন